# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 12-11-2025** **Time: 1.30 A.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ভুটানে সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ‘কালচক্রের উদ্বোধন করেছেন। সফর শেষে তিনি ইতোমধ্যেই রওনা দিয়েছেন দেশের উদ্দেশে।

২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ আজ বৎসোয়ানার রাষ্ট্রপতি দুমা বোকোর সঙ্গে গ্যাবোরনে দ্বিপাক্ষিক বৈঠকে বসবেন।

৩) মৃত ভোটারের নামে এনুমারেশন ফর্ম জমা করলে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট পরিবারের বিরুদ্ধে আইনী ব্যবস্থা নেবে।

৪) ইরাকে আইনসভার ৩২৯ টি আসনের জন্য ভোট গণনার কাজ এগিয়ে চলেছে।

৫) ভারত, জাপান, অস্ট্রেলিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র এই চারটি কোয়াড দেশের উদ্যোগে শুরু হয়েছে ভারত প্রশান্ত মহাসাগরীয় নৌমহড়া মালাবার ২০২৫।

৬) আজ জন সম্প্রচার দিবস। রেডিওর মাধ্যমে জাতির জনক মহাত্মা গান্ধীর ঐতিহাসিক ভাষনকে স্মরণে রেখে প্রতিবছর ১২-ই নভেম্বর দিনটি পালন করা হয়।

৭) বিশিষ্ট অভিনেতা ধর্মেন্দ্রকে আজ সকালে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে।

-----------------------------------------------------------------------

ভুটানে সফরের দ্বিতীয় দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভুটানের রাজা জিগমে খেসার নামগিয়েল ওয়াংচুক এবং চতুর্থ ড্রুক গ্যালপোর উপস্থিতিতে ‘কালচক্র’ বা ‘Wheel of Time’ এমপাওয়ারমেন্ট উৎসবের উদ্বোধন করেছেন। ভুটান সফরের প্রথম দিনে প্রধানমন্ত্রী গতকাল পার্বত্য প্রতিবেশি এই দেশটির জন্য ৪ হাজার কোটি টাকার স্বল্পসুদে ঋণসীমা ঘোষণা করেন। এই অর্থ ভুটানের বিদ্যুত্ উৎপাদন পরিকাঠামো উন্নয়নে কাজে লাগানো হবে বলে জানানো হয়েছে। এছাড়াও দু’দেশের নেতারা আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয় নিয়ে আলোচনায় বসেন। এরপর যৌথভাবে উদ্বোধন করেন ১,০২০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন পুনাতসাংচু–২ জলবিদ্যুৎ প্রকল্পের। ভারত–ভুটান শক্তি সহযোগিতার ক্ষেত্রে এই প্রকল্পকে এক ঐতিহাসিক মাইলফলক হিসেবে দেখা হচ্ছে। এছাড়া দুই দেশের মধ্যে নবীকরণযোগ্য শক্তি, মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং স্বাস্থ্য পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রেও তিনটি সমঝোতা স্মারক (MoU) বিনিময় হয়। এর মাধ্যমে দুই প্রতিবেশী দেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও মজবুত হবে বলে আশা করা হচ্ছে। সফর শেষে প্রধানমন্ত্রী আজ দেশে ফিরছেন।

-----------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বৎসোয়ানার রাষ্ট্রপতি দুমা বোকোর সঙ্গে গাবোরণে দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হবেন। বিনিয়োগ-প্রযুক্তি-শক্তি-কৃষি-স্বাস্থ্য-ফার্মাসিউটিক্যালস্-প্রতিরক্ষা ও দু-দেশের মানুষের মধ্যে যোগাযোগ ও দ্বিপাক্ষিক সহযোগিতার নতুন পথ খুঁজে বার করতে তারা মত বিনিময় করবেন। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু সেদেশের সাংসদদের সঙ্গে আলাপচারিতায় যোগ দেবেন। এছাড়াও সদেশে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সঙ্গেও তার সাক্ষাতের কথা আছে। এর পাশাপাশি তিনি বৎসোয়ানার ঐতিহাসিক স্থলগুলি পরিদর্শন করবেন।

উল্লেখ্য, এ্যাঙ্গোলা সফর শেষ করে রাষ্ট্রপতি গত সন্ধ্যায় বৎসোয়ানায় পৌঁছন। বিমানবন্দরে তাকে সেদেশের রাষ্ট্রপতি স্বাগত জানান। তাঁর সম্মানে ২১-টি তপোধ্বনি করা হয়। দেওয়া হয় গার্ড অফ অনার। এই প্রথম দুদেশের কোনো রাষ্ট্র প্রধান সেদেশ সফরে গেলেন।

-----------------

বিদেশমন্ত্রী ডক্টর এস জয়শঙ্কর কানাডার অন্টারিও-তে জি-সেভেন বিদেশমন্ত্রীদের সম্মেলনের ফাঁকে কানাডার বিদেশমন্ত্রী সঙ্গে সাক্ষাৎ করেছেন। এই সম্মেলন আয়োজনের জন্য অনিতা আনন্দকে অভিনন্দন জানান তিনি। ২০২৫-এ নতুন পথ নির্দেশিকা কার্যকর করার পাশাপাশি দ্বিপাক্ষিক সম্পর্ক পুনরায় গড়ে তোলার বিষয়ে ভারত আগ্রহী বলে ডক্টর জয়শঙ্কর জানিয়েছেন। তিনি মেক্সিকো-র বিদেশমন্ত্রী ডক্টর জুয়ান রেমন দ্য লা ফুয়েন্তের সঙ্গেও কথা বলেন। দু-দেশের মধ্যে বাণিজ্য, সাশ্রয় এবং ফার্মাসিউটিক্যাল এবং বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে সহযোগিতা এগিয়ে নিয়ে যাওয়ার বিষয়ে কথা হয়। ফরাসী বিদেশমন্ত্রী জ্যাঁ নোয়েল ব্যারোতের সঙ্গে সাক্ষাতে দুই নেতা কৌশলগত অংশীদারিত্ব জোরদার করার ব্যাপারে সহমত হয়েছেন। এছাড়াও জয়শঙ্কর ব্রিটেনের বিদেশ সচিব ভেত্তে কুপার, ব্রাজিলের বিদেশমন্ত্রী মাউরো ভিয়েরা, জার্মানির বিদেশমন্ত্রী জোহান ওয়েডফুল এবং দক্ষিণ আফ্রিকার বিদেশমন্ত্রী রোনাল্ড লামোলার সঙ্গে বৈঠক করেছেন।

-----------------

ভারতের প্রতিরক্ষা সচিব রাজেশ কুমার সিং আজ ভিয়েতনামের প্রতিরক্ষা গোয়েন্দা বিভাগের ডেপুটি ডিরেক্টর মেজর জেনারেল ফ্যাম থান খিয়েত-এর সঙ্গে সাক্ষাৎ করেন। দিল্লিতে অনুষ্ঠিত ১৫তম ভারত–ভিয়েতনাম প্রতিরক্ষা নীতি আলোচনার ফাঁকে

এই বৈঠক হয়। প্রতিরক্ষা মন্ত্রক সামাজিক মাধ্যমে জানিয়েছে, দুই দেশের প্রতিনিধিরা প্রতিরক্ষা শিল্প এবং জাহাজ নির্মাণ ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা আরও জোরদার করার উপায় নিয়ে বিস্তারিত আলোচনা করেছেন।

-----------------

ইরাকে আইনসভার ৩২৯ টি আসনের জন্য ভোট গণনার কাজ এগিয়ে চলেছে। সেদেশের নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটদানের হার ছিল ৫৫ শতাংশের মত। গতকালের এই নির্বাচনে ৭ হাজার ৭০০ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতার আসরে ছিলেন। এদের মধ্যে ২ হাজার ২৪৭ জন মহিলা। প্রধানমন্ত্রী মহম্মদ সিয়া আল সুদানি দ্বিতীয়বারের জন্য প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন।

-----------------

জন সম্প্রচার দিবস আজ। রেডিওর মাধ্যমে জাতির জনক মহাত্মা গান্ধীর ঐতিহাসিক ভাষনকে স্মরণে রেখে প্রতিবছর ১২ই নভেম্বর দিনটি পালন করা হয়। ভারতের সম্প্রচার জগতের ইতিহাসে এই দিনটি উল্লেখযোগ্য হয়ে রয়েছে। ১৯৪৭ সালের আজকের দিনের মহাত্মা গান্ধী নতুন দিল্লীর ব্রডকাস্টিং হাউস বা সম্প্রচার ভবনে প্রথমবার পা রেখেছিলেন। দীপাবলী উৎসবের এক বিশেষ অনুষ্ঠানে তিনি কুরুক্ষেত্রে বসবাসকারী শোকার্ত ভারতীয় এবং পাকিস্তান থেকে আসা উদবাস্তুদের উদ্দেশে ভাষন দেন। স্বাধীনতা সংগ্রামী রাজকুমারী অমৃত কৌর তাঁর সফরসঙ্গী ছিলেন। প্রথমে অনিচ্ছুক থাকলেও পরে ঘনশ্যাম দাস বিড়লার পরামর্শে শ্রী গান্ধী এই ঐতিহাসিক ভাষন দেওয়ার জন্য রাজী হন। গোটা স্টুডিওটিকে সাজিয়ে তোলা হয়েছিল তাঁর দৈনিক প্রার্থনা সভার মতো করে। শ্রী গান্ধী তাঁর ভাষনে জানান, জনগনের দুঃখে পীড়িত হয়েই তিনি ভাষনের মাধ্যমে তাদের কাছে পৌঁছানোর চেষ্টা করেছেন।

( বাইট – গান্ধীজী)

এর পরের দিনই হিন্দুস্তান টাইমস শিরোনামে মহাত্মা গান্ধীর এই ভাষনকে এক অভাবনীয় শক্তি হিসেবে উল্লেখ করা হয়।

২০২০ সালে তৎকালীন তথ্য ও সম্প্রচার মন্ত্রী সুষমা স্বরাজ ১২ ই নভেম্বর দিনটিকে জন সম্প্রচার দিবস হিসেব পালনের সিদ্ধান্ত নেন। সেই থেকেই আকাশবানী আজকের দিনে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করে আসছে। ২০২৩ সালে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মন কি বাত অনুষ্ঠানের শততম পর্বে, সংশ্লিষ্ট স্টুডিওটিকে বাপু স্টুডিও হিসেবে উতসর্গ করেন।

-----------------

মৃত ভোটারের নামে এনুমারেশন ফর্ম জমা পড়লে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট পরিবারের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেবে। কমিশনের নির্দেশ অনুযায়ী, মৃত ব্যক্তির নামে এমন ফর্ম পূরণে যার স্বাক্ষর পাওয়া যাবে, তাঁর বিরুদ্ধে গণপ্রতিনিধিত্ব আইনের ৩২ ধারা অনুযায়ী ব্যবস্থা নেওয়া যাবে। অভিযুক্তের এক বছরের কারাদণ্ড পর্যন্ত হতে পারে। গতকাল জারি হওয়া কমিশনের নির্দেশিকায় জানানো হয়েছে, বুথ লেভেল এজেন্ট (বিএলএ)–এর দায়িত্ব হল সংশ্লিষ্ট অংশের ভোটার তালিকার নামগুলো খতিয়ে দেখে মৃত, স্থানান্তরিত ভোটারদের চিহ্নিত করা । নিয়ম অনুযায়ী, বিএলএ হতে হলে তাঁকে সেই অংশের নিবন্ধিত ভোটার হতে হবে। তবে প্রয়োজনে একই বিধানসভা কেন্দ্রের অন্য কোনও অংশের ভোটারকেও বিএলএ হিসেবে নিয়োগ করা যেতে পারে। কমিশন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে নির্দেশ দিয়েছে, রাজ্যে চলা ভোটার তালিকায়

বিশেষ নিবিড় সংশোধনী  প্রক্রিয়ায় জনপ্রতিনিধিত্ব আইন কঠোরভাবে প্রয়োগ করতে হবে।

-----------------

ভোটার তালিকায় নিবিড় সংশোধনের কাজ নির্বাচন কমিশনকেই করতে হবে বলে সুপ্রিম কোর্ট মত প্রকাশ করেছে। এস আই আর নিয়ে সুপ্রিম কোর্টে দায়ের হওয়া মামলায় গতকাল বিচারপতি সূর্যকান্ত বলেন, নির্বাচন কমিশন একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। কোন ভুলত্রুটি থাকলে কমিশন নিশ্চয়ই তা সংশোধন করে নেবে। এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই।

উল্লেখ্য রাজ্যে এস আই আর-এর বিরুদ্ধে শাসক দল তৃণমূল কংগ্রেসের পাশাপাশি প্রদেশ কংগ্রেসও মামলা দায়ের করে। এবিষয়ে কমিশনের বক্তব্য জানতে চেয়েছে সুপ্রিম কোর্ট। একই সঙ্গে শীর্ষ আদালত এও জানিয়েছে, সুপ্রিম কোর্টে শুনানি চলাকালীন এসআইআর নিয়ে কোন মামলা হাইকোর্ট শুনতে পারে না। যদি কিছু জানানোর হয়, তবে তা সর্বোচ্চ আদালতকেই জানাতে হবে। আগামী ২৬-শে নভেম্বর ফের এই মামলার শুনানি।

-----------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী বা এসআইআর নিয়ে আজ প্রচারিত হবে একটি বিশেষ আলোচনা। এতে অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী। তাঁর সঙ্গে কথা বলেছেন সন্দীপন দাশগুপ্ত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত সাড়ে  ৯-টা থেকে গীতাঞ্জলী প্রচার তরঙ্গে এবং ডিটিএইচ পরিষেবায়। আকাশবাণী সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি প্রচারিত হবে।

------------------

বিহার বিধানসভা নির্বাচনের শেষ পর্বে ভোট দানের হার ছিল  হার ৬৯.১২ শতাংশ।৬ নভেম্বর এবং ১১ নভেম্বর, দুটি ধাপে ২৪৩টি বিধানসভা আসনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে।

নতুন দিল্লিতে সাংবাদিক বৈঠকে ,মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার বলেন, বিহারের ভোটাররা একটি ইতিহাস তৈরি করেছেন। ১৯৫১ সালের পর থেকে যতগুলি নির্বাচন হয়েছে, তার মধ্যে এবার সর্বোচ্চ ভোটদানের হার রেকর্ড করা হয়েছে।

বাইট

আমাদের সংবাদদাতা জানিয়েছেন,এই নির্বাচনের সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা  ছিল নারী ভোটারদের উৎসাহী অংশগ্রহণ,যারা পুরুষদের তুলনায় বেশি সংখ্যায় ভোট দিয়েছিলেন।

------------------

ভারত, জাপান, অস্ট্রেলিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র এই চারটি কোয়াড দেশের উদ্যোগে শুরু হয়েছে ভারত প্রশান্ত মহাসাগরীয় নৌমহড়া মালাবার ২০২৫। এই মহড়ায় আঞ্চলিক অংশীদারিত্ব আরও জোরদার করার পাশাপাশি নিরাপত্তা সংক্রান্ত চ্যালেঞ্জের মোকাবিলায় বিভিন্ন উদ্যোগ নেওয়া হবে বলে অস্ট্রেলিয়ার চিফ অফ জয়েন্ট অপারেশন জানিয়েছেন।

------------------

ভারত ও কিউবার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরও শক্তিশালী করার লক্ষ্যে হাভানায় একটি সমঝোতা স্মারক পত্র MoU স্বাক্ষরিত হয়েছে।

যার মধ্যে রয়েছে  সাংস্কৃতিক সমন্বয় এবং অপরাধমূলক বিষয়ে পারস্পরিক আইনি সহায়তা সংক্রান্ত একটি চুক্তি  ।

কেন্দ্রীয় বিদেশ প্রতিমন্ত্রী পবিত্র মার্গেরিটা এবং কিউবার ভারপ্রাপ্ত বিদেশমন্ত্রী জেরার্ডো পেনালভার পোর্টালের মধ্যে একটি বৈঠকের সময় এই চুক্তি স্বাক্ষরিত হয়। বৈঠকে তারা  দ্বিপাক্ষিক সহযোগিতার বিষয়গুলি পর্যালোচনা করেন।

-----------------

বিশিষ্ট অভিনেতা ধর্মেন্দ্রকে আজ সকালে হাসপাতাল থেকে ছেড়ে দেওয়া হয়েছে। তার পরিবারের পক্ষ থেকে এক বিবৃতিতে একথা জানানো হয়। ৮৯ বছরের এই অভিনেতার আরোগ্য কামনা, সুস্বাস্থ্য ও দীর্ঘ জীবনের প্রার্থনা করার জন্য পরিবারের তরফে তাঁর অনুরাগীদের ধন্যবাদ জানানো হয়েছে। পাশাপাশি সমস্ত সংবাদমাধ্যম এবং জনসাধারণকেও তাঁর শারীরিক অবস্থা নিয়ে যেকোনো রকম প্রচার ও জল্পনা থেকে বিরত থাকা এবং ব্যক্তিগত গোপনীয়তা বজায় রাখারও আবেদন জানানো হয়েছে।

----------------- -----------------